

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৯৭

আগরতলা, ৪ নভেম্বর, ২০২৪

পাবিয়াছড়ায় কৃষি পণ্যের বাজার উদ্বোধন

রাজ্যে কৃষক সহ সাধারণ মানুষের আয় বৃদ্ধি পেয়েছে : কৃষিমন্ত্রী

বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকারের উদ্দেশ্য আত্মনির্ভর ভারত ও আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা। আমরা চাই ঘরে ঘরে রোজগার সৃষ্টি করতে। সেই লক্ষ্যেই রাজ্য সরকার সমস্ত ক্ষেত্রে পরিকল্পনা নিয়ে কাজ করছে। পাবিয়াছড়া বাজারে আজ নবনির্মিত কৃষি পণ্যের বাজারের উদ্বোধন করে কথাগুলো বলেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। তিনি বলেন, সরকারের সদিচ্ছা ও সুনির্দিষ্ট পরিকল্পনা বাস্তবায়নের ফলে গত ৬ বছরে রাজ্যে কৃষি উৎপাদন যেমন বেড়েছে তেমনি কৃষক সহ সাধারণ মানুষের আয়ও বৃদ্ধি পেয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ আজ কুমারঘাটে দু'টি নির্মাণ কাজের উদ্বোধন ও একটি নির্মাণ কাজের শিলান্যাস করেন। এরমধ্যে পাবিয়াছড়া বাজারে কৃষি পণ্যের বাজার নির্মাণে ব্যয় হয়েছে ৩ কোটি ১২ লক্ষ টাকা, কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ৫ লক্ষ টাকা। এছাড়া কুমারঘাটে হাট্টিকালচারের উপঅধিকর্তার কার্যালয় নির্মাণে ব্যয় হবে ২ কোটি ১৮ লক্ষ টাকা। উদ্বোধন ও শিলান্যাসের সময় মন্ত্রী রতনলাল নাথের সাথে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস।

উদ্বোধন ও শিলান্যাস উপলক্ষে পাবিয়াছড়া বাজার শেডে আয়োজিত জনসভায় বক্তব্য রাখতে গিয়ে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বলেন, কৃষকদের সম্মান করা ও তাদের জন্য সুযোগ সম্প্রসারণ করা সরকারের নৈতিক কর্তব্য। সেই দিকে নজর দেওয়া ছাড়াও মানুষের রোজগার বাড়ানো ও পরিকাঠামো উন্নয়নে সরকার বিশেষ জোর দিয়েছে। তিনি বলেন, রাজ্যে স্বসহায়ক দলের সংখ্যা বেড়ে হয়েছে প্রায় ৫২ হাজার। গত বছর আবাসন প্রকল্পে গ্রামে ও শহরে ঘর পেয়েছে ৪ লক্ষ ৯৩ হাজার পরিবার। তিনি বলেন, সরকার চাইছে কোন জমি যাতে অনাবাদি না পরে থাকে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, সরকার কৃষির উন্নয়নের জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। কৃষির উন্নয়ন হলে অর্থনীতিরও উন্নয়ন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। স্বাগত বক্তব্য রাখেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস। ধন্যবাদ জ্ঞাপন করেন কৃষি বিপন্ন অধিকর্তা কাশিনাথ দাস। উপস্থিত ছিলেন উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের অধিকর্তা ডা. ফনিভূষণ জমাতিয়া, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মুখ্য বাস্তুকার স্বপন কুমার দাস, মহকুমা শাসক এনএস চাকমা, পাবিয়াছড়া বাজার কমিটির সভাপতি চম্পালাল দেবরায় প্রমুখ।
